অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 2/15/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

ফেডারেল সরকারের অচলাবস্থার দ্বারা প্রভাবিত নিউ ইয়র্কবাসীকে সহায়তা করার জন্য গভর্নর কুওমো সময়ের পূর্বে SNAP সুবিধা প্রদানের ঘোষণা দিলেন

সকল সম্পূরক পুষ্টি সহায়তা প্রোগ্রামের (Supplemental Nutrition Assistance Program, SNAP) প্রাপকেরা 7 মার্চের মধ্যে সুবিধা পাবে

ডা. মার্টিন লুথার কিং, জুনিয়র (Dr. Martin Luther King, Jr.) স্টেটওয়াইড ফুড ড্রাইভও (Statewide Food Drive) স্থানীয় খাদ্য ব্যাঙ্কসমূহকে সাহায্য করার জন্য সম্প্রসারিত করা হচ্ছে

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজকে ঘোষণা করলেন যে সম্পূরক পুষ্টি সহায়তা প্রোগ্রামের সকল প্রাপকেরা 7 মার্চের মধ্যেই আগামী মাসের সুবিধা পাবে - যা নির্ধারিত সময়ের প্রায় এক সপ্তাহ পূর্বে। সময়ের পূর্বে এটি প্রদানের কারণ হল প্রাপকদের ভার কমানো যারা ফেব্রুয়ারির সুবিধা ছয় সপ্তাহের বেশি সময় ধরে টানতে বাধ্য হয়েছে সাম্প্রতিক সময়ের নজিরবিহীন ফেডারেল সরকারের অচলাবস্থার কারণে।

"ওয়াশিংটনের নেতৃত্বের শোচনীয় ব্যর্থতার ফলে আমরা পরিবারগুলির খাবারের ব্যবস্থা করার ক্ষমতা বিপন্ন করতে দিবো না", **গভর্নর কুওমো বলেছেন।** "খাদ্য সুবিধা দ্রুত প্রদান করার ফলে নিউ ইয়র্কবাসীরা যারা নিত্যদিনের প্রয়োজন মেটাতে এই অতি জরুরি কর্মসূচির উপর নির্ভরশীল তারা একটি স্বস্তি পাবে।

গভর্নরের নির্দেশে, নিউ ইয়র্ক স্টেটের অস্থায়ী ও প্রতিবন্ধী সহায়তা অফিস (New York State Office of Temporary and Disability Assistance) অধিকাংশ প্রাপকের মার্চ মাসের সুবিধা পূর্বে প্রদান করছে যাতে তথাকথিত "SNAP গ্যাপ (SNAP gap)" এর ফলে হওয়া সমস্যায় প্রশমিত হয়।" এর অর্থ হল বহু নিউ ইয়র্কবাসী আগামী মাসের সুবিধা তাদের নির্ধারিত সময়ের প্রায় এক সপ্তাহ আগেই পেতে যাচ্ছে। নিত্যদিনের প্রয়োজন মেটাতে প্রায় 2.7 মিলিয়ন ব্যক্তি ও 1.5 মিলিয়ন পরিবার SNAP সুবিধার উপর নির্ভরশীল। শুধু ডিসেম্বর মাসেই, নিউ ইয়র্কবাসীরা যাতে খাদ্য অনিরাপত্তা এড়াতে পারে সেজন্য নিউ ইয়র্ক স্টেট 374 মিলিয়নের বেশি মার্কিন ডলার প্রদান করেছে।

সরকারের অচলাবস্থার কারণে ফেডারেল সরকার স্টেটসমূহকে নির্দেশ দেয় জানুয়ারি মাসের 17 তারিখ SNAP সুবিধা প্রদান করতে। আনুমানিক 1.4 মিলিয়ন পরিবার তাদের ফেব্রুয়ারি সুবিধা পায় স্বাভাবিকের তিন সপ্তাহ পূর্বে, যাতে নিশ্চিত করা যায় যে পর্যাপ্ত তহবিল রয়েছে। ফেডারেল সরকার পুনরায় সচল হওয়ার পর মার্চের জন্য নিয়মিত সুবিধা প্রদানের সময়সূচি পুনঃস্থাপন করা হয়, যার ফলে কিছু নিউ ইয়র্কবাসী - বিশেষ করে নিউ ইয়র্ক শহরের - মধ্য বা শেষ মার্চের পূর্বে সুবিধা পেতো না।

সময়ের পূর্বে SNAP সুবিধা প্রদানের পাশাপাশি, গভর্নর কুওমো সম্প্রসারিত করছেন বার্ষিক ডা. মার্টিন লুথার কিং, জুনিয়র। স্টেটওয়াইড ফুড ড্রাইভ, যা এই সপ্তাহে শেষ হওয়ার কথা ছিল। খাদ্য ব্যাঙ্ক ও প্যান্ট্রির উপর বর্ধিত চাপ বুঝতে পেরে, গভর্নর মার্চের শেষ পর্যন্ত খাদ্য ড্রাইভটি সম্প্রসারণ করেন যাতে এটি স্টেট এজেন্সিগুলিকে এই অতি জরুরি সময়ে স্থানীয় ব্যাঙ্ক ও প্যান্ট্রির জন্য অতিরিক্ত খাদ্য সংগ্রহ করতে সাহায্য করতে পারে।

নিউ ইয়র্ক ষ্টেটের খাদ্য ব্যাঙ্ক সঙ্ঘের (Food Bank Association of New York State) দ্বারা সহ-স্পনসর করা খাদ্য ড্রাইভটি স্টেটের এজেন্সিগুলিকে আহ্বান করে তাদের স্থানীয় খাদ্য ব্যাঙ্ক, খাদ্য প্যান্ট্রি, ও অন্যান্য সেবাকেন্দ্রিক কর্মসূচির জন্য খাদ্যদ্রব্য ও আর্থিক দান সংগ্রহ করতে। গত 18 বছর ধরে, স্টেটের এজেন্সিগুলি কমিউনিটি ভিত্তিক প্রতিষ্ঠানগুলির সাথে সমন্বয় করে 587,000 পাউন্ডের বেশি খাদ্য সংগ্রহ করেছে যা অভাবীদের জন্য 490,000 বেলার খাবারের ব্যবস্থা করেছে। খাদ্য দান করা হয় নয়টি খাদ্য ব্যাঙ্ককে যাদের নিয়ে নিউ ইয়র্ক ষ্টেটের খাদ্য ব্যাঙ্ক সঙ্ঘটি গঠিত।

ফেডারেল অচলাবস্থার সময় প্রায় 20,000 জন নিউ ইয়র্কবাসীকে সাময়িক ছুটি প্রদান করা হয় এবং আরো অনেকে 35 দিন পর্যন্ত বেতন ছাড়া কাজ করেছে, যার ফলে অগণিত নিউ ইয়র্কবাসীর প্রথমবারের মতো জরুরি খাদ্য সহায়তা চাওয়া ছাড়া আর কোনো উপায় ছিল না। এছাড়াও, যেহেতু SNAP সুবিধা প্রাপকেরা তাদের ফেব্রুয়ারির সুবিধা শেষ করে ফেলছে, খাদ্য ব্যাঙ্ক ও প্যান্ট্রি আরো বেশি চাহিদার আশঙ্কা করছে, যেহেতু তাদের সংস্থান সীমিত।

অর্থ বা অপচনশীল মেয়াদোত্তীর্ণ নয় এমন খাদ্য দ্রব্য দান করতে আগ্রহী জনগণ খাদ্য ব্যাঙ্ক সঙ্ঘের ওয়েবসাইট দেখতে পারেন https://protect2.fireeye.com/url?k=b04845d9-ec6e727a-b04abcec-000babda0106-046988ffc82a82c4&u=http://www.feedingnys.org/donate। এছাড়াও নিউ ইয়র্কবাসীরা তাদের আঞ্চলিক খাদ্য ব্যাঙ্কের স্বেচ্ছাসেবকের কাজ করে এইসব প্রচেষ্টাকে সমর্থন করতে পারে। স্বেচ্ছাসেবক হতে আগ্রহী যে কেউ তথ্য খুঁজে পাবে এখানে https://protect2.fireeye.com/url?k=ef77b3ee-b351844d-ef754adb-000babda0106-58ff0dcf5162aca3&u=http://www.feedingnys.org/volunteer।

নিউ ইয়র্ক স্টেট অস্থায়ী ও প্রতিবন্ধী সহায়তা অফিসের কমিশনার মাইক হেইন বলেন, "ফেডারেল অচলাবস্থার ফলে সৃষ্ট SNAP গ্যাপ দূর করতে নিউ ইয়র্কবাসীকে সাহায্য করতে আমরা কাজ করছি মার্চের SNAP সুবিধা প্রাপকদের কাছে স্বাভাবিকের পূর্বে পৌঁছে দেওয়ার মাধ্যমে। কিন্তু আমরা জানি এর পরেও অনেক পরিবার বাধ্য হবে স্থানীয় খাদ্য প্যান্ট্রি থেকে সহায়তা খুঁজতে। অভাবীদের সাহায্য করার জন্য খাদ্য ও অর্থ দান করে এই প্রচেষ্টায় সবাই ভূমিকা রাখতে পারে।"

নিউ ইয়র্ক স্টেটের স্বাস্থ্য বিষয়ক কমিশনার ডা. হাওয়ার্ড জুকার বলেন, "হাজার হাজার নিউ ইয়র্ক পরিবার পুষ্টিকর খাবার পাওয়ার জন্য অত্যাবশ্যকীয় সহায়তা কর্মসূচির উপর নির্ভর করে, যা অন্যথায় তারা পেতো না। যেহেতু খাদ্য অনিরাপত্তা বৃদ্ধি পাচ্ছে এবং আমাদের স্থানীয় খাদ্য ব্যাঙ্কগুলি শূন্য প্যান্ট্রির সম্মুখীন হচ্ছে, আমি দান করতে পারে এমন সবাইকে তা করতে উৎসাহিত করছি। আমি গভর্নর কুওমোকে ধন্যবাদ জানাচ্ছি ডা. মার্টিন লুথার কিং, জুনিয়র। স্টেটওয়াইড ফুড ড্রাইভ সম্প্রসারণ করার জন্য যা অভাবীদের প্রয়োজন মেটাতে সাহায্য করে।"

নিউ ইয়র্ক স্টেটের সাধারণ পরিষেবা অফিসের (Office of General Services, OGS) কমিশনার রোঅ্যান এম. ডেসটিটো বলেন, "গভর্নর কুওমোর সিদ্ধান্ত যা সম্প্রসারিত করে ডা. মার্টিন লুথার কিং, জুনিয়র। স্টেটওয়াইড ফুড ড্রাইভ মার্চের শেষ পর্যন্ত, রিজিওনাল খাদ্য ব্যাঙ্কসমূহ ও স্থানীয় প্যান্ট্রিসমূহকে ফেডারেল সরকারের অচলাবস্থার সময় তারা যে উচ্চ চাহিদার সম্মুখীন হয়েছিল সেখান থেকে ঘুরে দাঁড়াতে সাহায্য করবে। আমি OGS অফিসে আমার কর্মীদের এবং সকল স্টেট এজেন্সিকে উৎসাহিত করছি নিউ ইয়র্ক স্টেটের ক্ষুধা মোচন করতে তারা যেন যতটা সম্ভব উদারতা দেখায়।"

নিউ ইয়র্ক স্টেটের খাদ্য ব্যাঙ্ক সঙ্ঘের বোর্ড প্রেসিডেন্ট ক্যাথলিন স্ট্রেস বলেন, "কঠিন সময় যাচ্ছে যাদের তাদের খেয়াল রাখার জন্য গভর্নরের প্রচার ও স্টেটের প্রচেষ্টার আমরা সাধুবাদ জানাই। মার্চের জন্য সময়ের পূর্বে SNAP প্রদান করার সিদ্ধান্ত এবং খাদ্য ড্রাইভ সম্প্রসারণ করা প্রয়োজন মেটাতে কষ্ট করছে এমন মানুষের সহায়তায় কমিউনিটিসমূহের একত্রিত হওয়ার প্রয়োজন প্রদর্শন করে। নিউ ইয়র্ক স্টেটের খাদ্য ব্যাঙ্ক সঙ্ঘের নয়টি সদস্য খাদ্য ব্যাঙ্ক বছর নিউ ইয়র্ক স্টেটের প্রতিটি কাউন্টিতে 150,000,000 এর বেশি বেলার খাবার প্রদান করেছে। আমাদের সঙ্ঘের ও এর সদস্যদের কাজ সম্ভব হয় 5,000 এর বেশি কমিউনিটি ভিত্তিক খাদ্য প্যান্ট্রি ও ইনস্টিটিউটের সাথে অংশীদারিত্বের মাধ্যমে যারা খাদ্য অনিরাপত্তায় ভুগতে থাকা নিউ ইয়র্কবাসীকে খাদ্য ও সেবা বিতরণে সহায়তা করে।"

নিউ ইয়র্ক শহরের খাদ্য ব্যাঙ্কের (Food Bank For New York City) প্রেসিডেন্ট ও সিইও মার্গারেট পুরভিস বলেন, "নিউ ইয়র্ক শহরের স্যুপ রান্নাঘর ও খাদ্য প্যান্ট্রিগুলি SNAP গ্যাপের ফলে সৃষ্ট নজিরবিহীন প্রয়োজন মেটাতে দীর্ঘতর লাইন ও অপেক্ষাকৃত খালি তাক নিয়ে প্রস্তুত হচ্ছে। যদিও দান কখনোই আমাদের ফেডারেল সরকারের দায়িত্বের স্থান নিতে পারবে না, স্টেট ও স্থানীয় সরকারের সাথে অংশীদারিত্বে করা দান নিউ ইয়র্কের সবথেকে দুঃস্থদের খুঁজে বের করে তাদের সেবা করার জন্য অপেক্ষাকৃত ভালো সুযোগ। সচেতনতা বাড়াতে আমাদের গভর্নর যে নেতৃত্ব প্রদর্শন করেছেন এবং সাধারণ পরিষেবার অফিস ঐতিহ্যবাহী নয় এমন উৎস থেকে খাদ্য সংস্থান সর্বোচ্চ করতে যা করছে তা অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং ব্যাপক প্রশংসার যোগ্য।"

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন